দৈনিক বাংলা

13

তারিখ ...3 SEP 1987... ...
পৃষ্ঠা... .. ... কলাম ... ...

# ভার্সিটি খোলার দাবীতে বিক্ষোভ ভাঙচুর

॥ স্টাফ রিপোর্টার ॥

আবাসিক হল খুলে না দেয়ায় একদল ছাত্র বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে বিক্ষোভ প্রদর্শন করে। তারা ভবনের বিভিন্ন ফটকে তালা ঝুলিয়ে দেয় এবং কয়েকটি দরজা ভাঙচুর করে। ছাত্রদের এ বিক্ষোভ চলাকালে ভাইস-চ্যান্সেলর তাঁর অফিসে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ভাংচুর

(১ম পৃঃ পর)

একটি সভা করছিলেন।

পরে ভিসি প্রফেসর আবদুল মান্নান বিক্ষোভরত ছাত্রদের উদ্দেশে বক্তৃতা করেন। তিনি বলেন, 'তোমরা সন্ত্রাসের বিরুদ্ধে স্লোগান দিয়ে হল খুলে দেয়ার দাবী করছ। অথচ নিজেরা এক ঘন্টারও বেশি সময় ধরে সন্ত্রাস করলে।' তিনি ক্ষোভ প্রকাশ করে ছাত্রদের উদ্দেশে আরও বলেন, সন্ত্রাসের ফলে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়েছে। সন্ত্রাসের মাধ্যমে বিশ্ববিদ্যালয় খোলা হলে তা কেমন করে চলবে? প্রফেসর মান্নান জানান যে আগামী চারদিনের মধ্যে সিন্ডিকেটের সভা ডেকে বিশ্ববিদ্যালয় খোলার তারিখ নির্ধারণ করা হবে। তবে তিনি এ প্রসঙ্গে আরও জানান, খোলার তারিখ সেপ্টেম্বরের শেষ সপ্তাহেই হবে। এ পর্যায়ে ছাত্ররা স্লোগান দিয়ে প্রথম সপ্তাহের মধ্যেই বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানায়।

ছাত্রদের বিক্ষোভের ফলে গতকাল প্রশাসনিক ভবনের কাজকর্ম বন্ধ থাকে। ছাত্ররা এক পর্যায়ে সূর্যসেন হলের সামনে গিয়েও বিক্ষোভ দেখায়।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গতকাল ভিসি বিভিন্ন অনুষদের ডীন, হল প্রভোস্ট, শিক্ষক সমিতির কর্মকর্তা এবং প্রবীণ শিক্ষকদের সঙ্গে এক বৈঠক করেন। এতে ক্যাম্পাসে সন্ত্রাসী তৎপরতা সম্পর্কে তদন্ত কমিটির রিপোর্ট পেশ করার খবর জানানো হয়। রিপোর্ট কার্যকর করার ব্যবস্থা সম্পর্কেও সভায় মত বিনিময় হয়েছে।